গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ২৩/০৯/২০২৩ খ্রি.
রবিবার

# ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০,২০১৮-২০১৯ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষবর্ষের শুধুমাত্র শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড কোর্সে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-Line এ ১৮/০৯/২০২৩ ইং তারিখ থেকে শুরু হয়েছে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

নিম্মে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | বার |
|---|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন | ০১/১০/২০২৩ | রবিবার |
| ০২ | রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা | ০২/১০/২০২৩ | সোমবার |
| ০৩ | পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত | ০৩/১০/২০২৩ | মঙ্গলবার |

আবেদন ফরম সংগ্রহ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.nubd.info/formfillup// থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে পূরণ করে Download এর মাধ্যমে প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

## নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২২ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২২ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

## গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০২১ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবেপ্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২ টি কোর্সে ।

যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২২ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করবে।

# বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)

## সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি নিয়মিত | সেশন ফি | মোট | পরীক্ষার ফি অনিয়মিত | সেশন ফি | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দর্শন, রাষ্ট্রবিজ্ঞান,সমাজকর্ম,অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২৫৫০ | ২৬০৫ | ৫১৫৫ | ২৮৫০ | ২৬০৫ | ৫৪৫৫ |
| ০২ | ইংরেজি | ২৩০০ | ২৫০৫ | ৪৮০৫ | ২৬০০ | ২৫০৫ | ৫১০৫ |
| ০৩ | রসায়ন | ৩৫০০ | ২৬০৫ | ৬১০৫ | ৩৮০০ | ২৬০৫ | ৬৪০৫ |
| ০৪ | উদ্ভিদবিজ্ঞান | ৩১০০ | ২৬৮৫ | ৫৭৮৫ | ৩৪০০ | ২৬৮৫ | ৬০৮৫ |
| ০৫ | পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান | ২৯০০ | ২৬০৫ | ৫৫০৫ | ৩২০০ | ২৬০৫ | ৫৮০৫ |
| ০৬ | গণিত | ২৯০০ | ২৬৮৫ | ৫৫৮৫ | ৩২০০ | ২৬৮৫ | ৫৮৮৫ |

## অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি:

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১০৫০/- | ১৩০০/- | ১৫৫০/- | ১৮০০/- | ২০৫০/- | ২৩০০/- |

**বিশেষ দ্রষ্টব্য : ১। C- Promoted শিক্ষার্থীরা বিশেষ অন্তর্ভূক্তি ফি বাবদ অতিরিক্ত ফি - ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে।**

**২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। (প্রয়োজনে : ০১৬২১৬৩৫৪৭৫)।

**ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি :**

**শিক্ষার্থীদের করণীয় : নিয়মিত,অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের** ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)"এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশানে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

**(টাকার পরিমাণ গড়মিল পরীলক্ষিত হলে ফরম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।)**

**পরীক্ষার্থীদের জন্য করণীয় :**

*** **Online** এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিষ্ট্রেশন কার্ড ও টাকা জমাদানের প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

*** রেজিস্ট্রেশন কার্ডের ০১ (এক) কপি ফটোকপি ও ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে পূরণকৃত ফরম স্ব স্ব বিভাগে কলেজ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য : কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কোন অসুবিধার কারণে ফরম পূরণে ব্যর্থ হলে কলেজের অধ্যক্ষ অথবা স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানের অনুমতি নিয়ে অনলাইনে টাকা পেমেন্ট করার জন্য নির্দেশ দেয়া হলো।

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।